রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ১৩, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ]

আদেশ

তারিখ : ২২ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ/০৬ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয় : রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে গোয়েন্দা কার্যে ব্যবহারের উচ্চ প্রযুক্তির বিশেষায়িত কারিগরি যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম Mobile Interceptor-GSM Cellular/Mobile Device Subscriber "Off-The-Air" Mass Interception System (GSM+ Downgraded UMTS and LTE) এবং Wi-Fi Interception System সরাসরি ক্রয় পদ্ধতি (Direct Procurement Method-DPM) এর মাধ্যমে ক্রয়ের নিমিত্ত মূল্য সংযোজন কর মওকুফকরণ।**

নং ০৮.০১.০০০০.০৬৯.০২.০০৭.১২/১৪৮—যেহেতু, আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ Mobile Interceptor-GSM Cellular /Mobile Device Subscriber "Off-The-Air" Mass Interception System (GSM+Downgraded UMTS and LTE) এবং Wi-Fi Interception System (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) শুধুমাত্র রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে গোয়েন্দা কাজে ব্যবহার করতে হবে এবং

যেহেতু, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে উল্লিখিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়ের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে, এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বর্ণিত আনুষঙ্গিক যন্ত্রাংশসহ Mobile Interceptor-GSM Cellular/Mobile Device Subscriber "Off-The-Air" Mass Interception System (GSM+Downgraded UMTS and LTE) এবং Wi-Fi Interception System (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) সরাসরি ক্রয় পদ্ধতিতে সংগ্রহের নীতি সুপারিশ রয়েছে;


মূল্য : টাকা ৪.০০

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, শুধুমাত্র রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে গোয়েন্দা কাজে আমদানিতব্য Mobile Interceptor-GSM Cellular/Mobile Device Subscriber "Off-The-Air" Mass Interception System (GSM+Downgraded UMTS and LTE) এবং Wi-Fi Interception System (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) এর উপর প্রযোজ্য মূসক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করল :—

**শর্তাবলি**

(ক) আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ Mobile Interceptor-GSM Cellular /Mobile Device Subscriber "Off-The-Air" Mass Interception System (GSM+Downgraded UMTS and LTE) (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) এবং Wi-Fi Interception System (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) শুধুমাত্র রাষ্ট্রীয় নিরাপত্তার স্বার্থে গোয়েন্দা কাজে ব্যবহার করতে হবে এবং এগুলো বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয় /হস্তান্তর করা যাবে না ;

(খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ. এস. কোডে শুল্কায়ন করতে হবে ;

(গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হতে হবে;

(ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এ ক্ষেত্রে পরিপালনীয় হবে; এবং

(ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, উক্ত আনুষঙ্গিক যন্ত্রাংশসহ Mobile Interceptor-GSM Cellular/Mobile Device Subscriber "Off-The-Air" Mass Interception System (GSM+ Downgraded UMTS and LTE) (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) এবং Wi-Fi Interception System (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোয়া গেলে আমদানিকারক কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd